দৈনিক বাংলা

তারিখ 05 JAN 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭

# বেসরকারী শিক্ষকদের মহার্ঘভাতা

বর্তমান অস্থায়ী সরকার বাজারের অবস্থা বিবেচনা করে সরকারী কর্মচারীদের জন্যে ইতিমধ্যে ১০% মহার্ঘভাতা প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন। এজন্যে সরকারকে আমরা অভিনন্দন জানাই। কিন্তু পূর্ববর্তী সরকারের আমল থেকেই সরকারী কর্মচারীদের ২০% মাহর্ঘভাতা প্রদান করা হলেও বেসরকারী শিক্ষকদের মাত্র ১০% হারে মহার্ঘভাতা প্রদান করা হচ্ছে। শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে নৈরাজ্য ও সরকারের স্বৈরনীতিই যেখানে পূর্ববর্তী বৈশিষ্ট ছিল সেখানে ১০% এর উর্ধ্বে মহার্ঘভাতা পাওয়া বেসরকারী শিক্ষকদের জন্যে দুরাশাই ছিল। কিন্তু গণতান্ত্রিক আন্দোলনের বিজয়ে প্রতিষ্ঠিত অস্থায়ী সরকারের কাছে শিক্ষকদের আশা অনেক বেশী। অথচ সরকারী কর্মচারীদের জন্য অতিরিক্ত আরো ১০% মহার্ঘভাতা প্রদানের সিদ্ধান্ত নেয়া হলেও বেসরকারী শিক্ষকদের ক্ষেত্রে তা প্রযোজ্য করা হয়নি। এমনিতেই বেসরকারী শিক্ষকগণ বর্তমান দুর্মূল্যের বাজারে অর্থনৈতিক সমস্যায় জর্জরিত। তাছাড়া পূর্ববর্তী সরকারের প্রদত্ত বেতনের অংশও প্রতি মাসে সব সময় পাওয়া যায় না। এ অবস্থায় বেসরকারী শিক্ষকগণকে অতি কষ্টে জীবন যাপন করতে হচ্ছে। তাই অবিলম্বে বেসরকারী শিক্ষকদের জন্যেও সরকারী কর্মচারীদের মতো অন্ততঃ পক্ষে ৩০% মহার্ঘভাতা প্রদান করা হবে এবং এ সঙ্গে প্রতিমাসে সরকার কর্তৃক পদত্ত বেতনের অংশ ও যথাসময়ে প্রদানের ব্যবস্থা হবে এটাই আমাদের প্রার্থনা।

অধ্যাপক সোহরাব পাশা
অধ্যাপক মনিরুজ্জামান
অধ্যাপক শামছুল ইসলাম
ঈশ্বরগঞ্জ কলেজ,
অধ্যাপক কাজী মোনায়েম
গৌরীপুর কলেজ,
অধ্যাপক সঞ্জীব সরকার
আঠার বাড়ী কলেজ
ময়নামতি